# স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫**

# বাংলা ( Bengali )

**চতুর্থ পত্র ( 4th Paper : Upanyas O Chhoto Galpo )**

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ

১৮ × ২ = ৩৬

(ক) ''ঔরঙ্গজেব, রাজসিংহ, জেব-উন্নিসা, উদিপুরী, ইঁহারা ঐতিহাসিক ব্যক্তি। ইঁহাদের চরিত্র ইতিহাসে যেরূপ আছে, সেইরূপ রাখা গিয়াছে। তবে তাঁহাদের সম্বন্ধে যে সকল ঘটনা লিখিত হইয়াছে, সকলই ঐতিহাসিক নহে। উপন্যাসে সকল কথা ঐতিহাসিক হইবার প্রয়োজন নাই।'' রাজসিংহ উপন্যাসের চতুর্থ সংস্করণের বিজ্ঞাপনে স্বয়ং বঙ্কিমচন্দ্র এই মন্তব্য করেছিলেন। এই মন্তব্যে প্রতিফলিত চরিত্রগুলির ঐতিহাসিকতা ও অনৈতিহাসিকতা সম্পর্কে আলোকপাত করুন।

(খ) আঞ্চলিক উপন্যাস হিসেবে 'নাগিনীকন্যার কাহিনী' উপন্যাসটির সার্থকতা বিচার করুন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(গ) ''প্রকৃতপক্ষে 'চতুরঙ্গে'র চারতলার জগমোহনই হচ্ছে ভিত্তিভূমি। এই ভিত্তিভূমিটিকে শক্ত না করলে উপন্যাসের চারতলা বাড়িটি তাসের ঘরের মত গুঁড়িয়ে যেত।'' — জগমোহন আখ্যায়িকাটি বিশ্লেষণ করে চতুরঙ্গ উপন্যাসের নির্মাণে রবীন্দ্রনাথের গভীর বোঝাপড়াটি পরিস্ফুট করুন।

(ঘ) জাতীয় সম্পদ বিনষ্টিজনিত ক্ষোভের ফলশ্রুতিতে যদি 'আরণ্যক' উপন্যাসে যুগলপ্রসাদের মত চরিত্র তৈরি হয় তাহলে দোবরু পান্না ও ভানুমতী সেই ক্ষোভের প্রেরণা থেকেই সঞ্জাত এক আরণ্যক সৌন্দর্যের আত্মা এবং মর্যাদার প্রতীক। উপন্যাসের শেষ পর্বে সত্যচরণের আত্মোপলব্ধিতে কি সেই ক্ষোভের প্রকাশ ?

(ঙ) 'পণ্ডিতমশাই' উপন্যাসটিতে কুসুম চরিত্রটির বিকাশ ও পরিণতি আলোচনার সাপেক্ষে চরিত্রটির সঙ্গে প্রচলিত সমাজসংস্কারের দ্বন্দ্বমূলক জটিলতার রূপ পরিস্ফুট করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) ক্ষুধিত পাষাণ গল্পটির রস-সার্থকতা বিচার করুন।

(খ) 'নয়নচাঁদের ব্যবসা' গল্পটির বয়ানশৈলী কেমনভাবে হাস্যরস ও অদ্ভুতরস সৃষ্টির সহায়ক হয়েছে আলোচনা করুন।

(গ) আপনার পাঠ্যাংশের অন্তর্গত যে-কোনো দুটি গল্পের পরিণতি বিচার করে দেখান যে, গল্পের পরিণামে নির্মাণের শিল্পিত স্বভাবের মধ্যেই পরিস্ফুট হয় ছোটগল্পের রস-সার্থকতা।

(ঘ) মানসিক সম্পর্কের টানাপোড়েন কেমনভাবে নরেন্দ্রনাথ মিত্রের 'রস' গল্পটিকে সার্থক করে তুলেছে আলোচনা করুন।

(ঙ) 'এ রেকর্ডকে কেউ নিশ্চিত করতে পারে নি। কেউ পারবে না।' — এই মন্তব্যটির আলোকে গল্পকার নারায়ণ গঙ্গোপাধ্যায়ের অভিপ্রায়টি ব্যক্ত করুন।

(চ) 'জাতুধান' গল্পটির প্রধান চরিত্রটি কি প্রতিনিধিত্বকারী ? চরিত্রটির নামকরণ ও অঙ্গসৌষ্ঠব বিশেষত্বের তাৎপর্য আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১৫০** শব্দে) ঃ

৭ × ৪ = ২৮

(ক) ''দামিনী বলিল, তুমিই আমার গুরু হও। আমি আর কাহাকেও মানিব না। তুমি আমাকে এমন কিছু মন্ত্র দাও যা এ সমস্তের চেয়ে অনেক উপরের জিনিস —যাহাতে আমি বাঁচিয়া যাইতে পারি।'' — প্রসঙ্গ নির্দেশ করে মন্তব্যটির মধ্যে প্রকাশিত বক্তার মনোভাবের পরিচয় দিন।





(খ) বদন ডোম মানুষটির অন্তঃস্বরূপ স্পষ্ট করুন।

(গ) 'সংকেত' গল্পটিতে যে ধর্মঘটের কথা আছে তার কারণ ও পরিণতি সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(ঘ) ''ওখানে শহীদের বেদি হয়েছিল। কয়েক মাসের মধ্যে ভাঙতে ভাঙতে গোটা কয়েক ইটে এসে ঠেকেছে। কেউ তুলে নিয়ে গেলেই আর কোনো চিহ্ন থাকবে না।'' মন্তব্যটির মধ্যে নিহিতার্থ কী ?

(ঙ) 'যেন দুই যুগে লড়াই, বিশ শতক বনাম প্রাক্-ইতিহাস' — কোন্ দুই যুগের কথা বলা হয়েছে কাদের কথা মনে রেখে ? লড়াই এর তাৎপর্য কী ?

(চ) 'পথের কাঁটা' গল্পের শুরুতে ব্যোমকেশ কোন্ বিজ্ঞাপনের প্রতি বন্ধুর দৃষ্টি আকর্ষণ করেছিল ?

(ছ) হিজল বিল ও মা-বিষহরির আটনের রহস্যময় অতিলৌকিকতার সংক্ষিপ্ত পরিচয় দিন।

(জ) যোধপুরী বেগম চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় উপস্থাপন করুন।